

স্মারক নং-০৫.৪৪.৪৭১৭.০০১.২২.০১৫.১৯-১৩৫


তারিখ : ০১/০৩/২০২১ খ্রিঃ।

পুরাতন ভবন বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

খুলনা জেলার দাকোপ উপজেলায় দাকোপ উপজেলা সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের লক্ষ্যে উক্ত স্থানে স্থাপিত উপজেলা পরিষদের পিছনের পুরাতন ভবন যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় নিলাম বিক্রয়ের উদ্দেশ্যে আগ্রহী ক্রেতাদের (ব্যক্তি/প্রতিষ্ঠান) নিকট হতে নিম্নে বর্ণিত শর্তাবলী সাপেক্ষে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। বিস্তারিত তথ্য জানার জন্য উল্লেখিত ওয়েব সাইটে (www.dakop.khulna.gov.bd) ভিজিট করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী :

- ১। আগ্রহী ক্রেতাগণ আগামী ০৪/০৩/২০২১ হতে ২১/০৩/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ১০-০০ থেকে দুপুর ১-০০টা পর্যন্ত) উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে যোগাযোগ করে নিলামে বিক্রয়যোগ্য ভবন সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।
- ২। দরপত্রের সাথে জামানত হিসেবে মোট উদ্ধৃত মূল্যের ২৫% (পঁচিশ শতাংশ) উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা এর অনুকূলে তফশীলভুক্ত যে কোন বাণিজ্যিক ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মারফত জমা দিতে হবে। চেকের মাধ্যমে প্রদত্ত কোন জামানত গ্রহণ করা হবে না। জামানতের অর্থ ব্যতিত দাখিলকৃত দরপত্র সারাসরি বাতিল বলে গণ্য হবে। অকৃতকার্য দরপত্র দাতাদের জামানত কার্যাদেশ প্রদানের পর ফেরত দেয়া হবে।
- ৩। দরপত্র বিক্রয়ের স্থান : জেলা প্রশাসক, খুলনা এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা এর কার্যালয় এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দাকোপ, খুলনা এর কার্যালয়। তারিখ ও সময় ২১/০৩/২০২১ খ্রিঃ বিকাল ৫-০০ টা পর্যন্ত।
- ৪। দরপত্র দাখিলের স্থান : জেলা প্রশাসক, খুলনা এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা এর কার্যালয় এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দাকোপ, খুলনা এর কার্যালয়। তারিখ ও সময় ২২/০৩/২০২১ খ্রিঃ দুপুর ১-০০ টা পর্যন্ত।
- ৫। দরপত্র খোলার স্থান : উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা এর কার্যালয়। তারিখ ও সময় ২২/০৩/২০২১ খ্রিঃ বিকাল ৪-০০ টা।
- ৬। নির্বাচিত দরপত্র দাতাকে পরবর্তী ৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে উদ্ধৃত দরের সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। অন্যথায় জামানত স্বরূপ দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বাজেয়াপ্ত বলে গণ্য হবে এবং তৎসহ নিরাপত্তা জামানত হিসেবে উদ্ধৃত দরের ১০% অতিরিক্ত হিসেবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে, যা সন্তোষজনক কাজের শেষে ফেরত দেয়া হবে।
- ৭। নির্বাচিত দরপত্র দাতাকে তার উদ্ধৃত দরের উপরে ৫% আয়কর এবং ৭.৫% ভ্যাট কার্যাদেশ গ্রহণের পূর্বে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে।
- ৮। কার্যাদেশ/অফিস আদেশ প্রদানের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত ভবনসমূহ অপসারণ করতে হবে ও উক্ত সময়ের মধ্যে ভবন অপসারণ করতে ব্যর্থ হলে ১০% নিরাপত্তা জামানতসহ সমুদয় অর্থ বাজেয়াপ্ত হবে এবং ভবন অপসারণের বাকী কাজ স্পট নিলামের মাধ্যমে ঠিকাদার নিয়োগ করা হবে।
- ৯। অনিবার্য কারণবশতঃ দরপত্র দাখিলের দিন অফিস বন্ধ থাকলে পরবর্তী কার্য দিবসে একই স্থানে ও সময়ে দরপত্র গ্রহণ ও খোলা হবে।
- ১০। দরপত্রের দর কথায় ও অংকে লিখতে হবে। মালামালসমূহ নিজ দায়িত্বে হেফাজত করতঃ নির্ধারিত সময়ের মধ্যে অপসারণ করতে হবে। মালামাল খোয়া গেলে বা চুরি হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ১১। দুর্ঘটনা সংক্রান্ত দায় দায়িত্ব কর্তৃপক্ষ বহন করবে না। এ কাজ করতে গিয়ে অন্যের বা সাইটের অপ্রয়োজনীয় ক্ষতি করা যাবে না।
- ১২। কাজের শেষে নির্ধারিত সময়ের মধ্যে সাইট হতে (নির্মাণ সংক্রান্ত) সমুদয় আবর্জনা পরিষ্কার করতে হবে।
- ১৩। তফশীল : দাকোপ উপজেলা পরিষদের পিছনের পুরাতন ভবন।
- ১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল অথবা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করে।



(মিন্টু বিশ্বাস)
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা।
ও
সভাপতি
উপজেলা নিলাম কমিটি
দাকোপ, খুলনা।

স্মারক নং-০৫.৪৪.৪৭১৭.০০১.২২.০১৫.১৯- ২৬৩(৭৭)

তারিখ : ---০৩/০৩/২০২১ খ্রিঃ।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, খুলনা।
- ০৩। জেলা প্রশাসক, খুলনা।
- ০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, খুলনা।
- ০৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০৮। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দাকোপ, খুলনা।
- ০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
- ১০। জনাব -----সদস্য, উপজেলা নিলাম কমিটি, দাকোপ, খুলনা।
- ১১। চেয়ারম্যান -----ইউনিয়ন পরিষদ, দাকোপ, খুলনা।
- ১২। সম্পাদক, দৈনিক পূবাপ্তংল, ৩৮, ইকবাল নগর রোড, খুলনা। আগামী ০৩/০৩/২০২১ খ্রিঃ তারিখে ভিতরের পাতায় ৪"/৫" ইঞ্চি কলামে নিলাম বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ১৩। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, দাকোপ, খুলনা।
- ১৪। নোটিশ বোর্ড।
- ১৫। অফিস নথি।



(মিন্ট বিশ্বাস)
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা।

ও
সভাপতি
উপজেলা নিলাম কমিটি
দাকোপ, খুলনা।